



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৩২৯

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

বিষয়: দেশের প্রান্তিক পর্যায় পর্যন্ত শিক্ষার্থীদের সংসদ টিভি Class এবং Online Class এ যুক্তকরণ নিশ্চিত প্রসঙ্গে।

সূত্র: মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.২৬১; তারিখ: ১২/০৫/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রানুসারে প্রান্তিক পর্যায় পর্যন্ত দেশের মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীকে কার্যকর সংসদ টিভি ক্লাস এবং Online Class এ যুক্ত করার লক্ষ্যে সূত্রোক্ত স্মারক ও তারিখে নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত নির্দেশনার (নিম্নোক্ত) সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন (জেলা ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে সংগ্রহপূর্বক) আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে dddshesecondary@gmail.com ই-মেইলে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে উপরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

- ১। জেলা পর্যায়ে অনুষ্ঠিত Online Class এ উপজেলা পর্যায়ের শিক্ষার্থীদের যুক্ত করার ব্যবস্থা গ্রহণ;
- ২। স্কুল কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত Online ক্লাসগুলিকে 'Zoom' বা 'Google Meet' বা 'Microsoft Team' বা অন্য যে কোন মাধ্যমে মিথষ্ক্রিয় (Interactive) করার কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- ৩। যথাক্রমে সংসদ টিভি, স্কুল কর্তৃক পরিচালিত Online Class, জেলা ও উপজেলা Online Class গুলোকে অগ্রাধিকার দিয়ে শ্রেণি নির্ঘন্ট (Class Routine) প্রস্তুত করা;

বিষয়টি অতীব জরুরী।

৩১-৫-২০২১

মোহাম্মদ আজিজ উদ্দিন

উপ-পরিচালক

উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৩২৯/১(৮)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]


৪) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৭) পি এ টু পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৮) সংরক্ষণ নথি



৩১-৫-২০২১

মোহাম্মদ আজিজ উদ্দিন

উপ-পরিচালক